১৯/জানুয়ারি/২০২১ বিষয় কোড: ২৫৩/২৫৪

# বেপজা পাবলিক স্কুল ও কলেজ চট্টগ্রাম

## বিশেষ মূল্যায়ন (নির্বাচনি) পরীক্ষা ২০২১

দ্বাদশ শ্রেণি

হিসাববিজ্ঞান (সৃজনশীল)

সময় - ২ ঘন্টা ৩০ মিনিট পূর্ণমান - ৭০ নাম্বার

[**দ্রষ্টব্য:** ক বিভাগ থেকে ২(দুই)টি এবং খ বিভাগ থেকে হিসাববিজ্ঞান প্রথম ও দ্বিতীয় উভয় পত্রহতে কমপক্ষে ২টি করে মোট ৫ (পাঁচ) টি প্রশ্ন নিয়ে মোট ৭ (সাত) টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১০ নাম্বার। প্রতিটি প্রশ্নের ক, খ এবং গ অংশের মান যথাক্রমে ২, ৪ এবং ৪ নাম্বার। ]

## ক বিভাগ (আবশ্যিক)

১. আগমনী লিমিটেড -এর অনুমোদিত মূলধন ২৫,০০,০০০ টাকা। অনুমোদিত মূলধন প্রতিটি১০ টাকা মূল্যের ২,৫০,০০০ শেয়ারে বিভক্ত।

রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২০

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| শেয়ার মূলধন | | ১০,০০,০০০ |
| ১২% ঋণপত্র (০১-০৯-২০২০) | | ১,০০,০০০ |
| ইজারা সম্পত্তি (১০ বছর) | ১,০০,০০০ | |
| আয়কর | ৩০,০০০ | |
| অন্তর্বর্তীকালীন লভ্যাংশ | ২০,০০০ | |
| প্রারম্ভিক মজুদ | ১,২০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ৪,০৭,০০০ | ৭,২৭,০০০ |
| মজুরি খরচ | ১,২০,০০০ | |
| শেয়ার অধিহার | | ৯০,০০০ |
| বেতন খরচ | ১,৬৫,০০০ | |
| কলকব্জা ও যন্ত্রপাতি | ৪,৪০,০০০ | |
| আয়কর সঞ্চিতি | | ২০,০০০ |
| সঞ্চিতি তহবিল | | ৭৫,০০০ |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৩,০০,০০০ | ৫০,০০০ |
| ব্যাংক জমার উদ্বৃত্ত | ১,৯০,০০০ | |
| সুনাম | ১,২০,০০০ | |
| দায় গ্রাহকের কমিশন | ৬০,০০০ | |
| সংরক্ষিত আয় (০১-০১-২০২০) | | ১০,০০০ |
| মোট = | ২০, ৭২,০০০ | ২০,৭২,০০০ |

**অন্যান্য তথ্য:**

১) সমাপনী মজুদ পণ্যের মূল্য ১,৬০,০০০ টাকা, যার মধ্যে আগুনে বিনষ্ট পণ্য ৫,০০০ টাকা অন্তর্ভুক্ত আছে।
২) অন্তর্বর্তীকালীন লভ্যাংশসহ ১০% লভ্যাংশ ঘোষণা করতে হবে।
৩) সঞ্চিতি তহবিল ৯০,০০০ টাকায় উন্নীত করতে হবে।
৪) দায় গ্রাহকের কমিশন ৫০% অবলোপন করতে হবে।

ক. প্রদেয় লভ্যাংশের পরিমাণ নির্ণয় করো।
খ. মোট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো
গ. নিট মুনাফা ২,৮০,০০০ টাকা ধরে ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য কোম্পানির মালিকানা স্বত্ব বিবরণী প্রস্তুত করো

২. জনতা এজেন্সি লিমিটেড এর ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিচে দেয়া হল:

জনতা এজেন্সি লিমিটেড
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২০ খ্রি.

| হিসাবের নাম | ডেবিট জের টাকা | ক্রেডিট জের টাকা |
|---|---|---|
| সেবা আয় | | ৭,৫০,০০০ |
| শেয়ার মূলধন (প্রতিটি ১০ টাকা মূল্যের ৯০,০০০ সাধারণ শেয়ার) পূর্ণ পরিশোধিত | | ৯,০০,০০০ |
| অনুপার্জিত সেবা আয় | | ৬০,০০০ |
| প্রদেয় মজুরি | | ৮০,০০০ |
| অফিস সাপ্লাইজ | ১,৮০,০০০ | |
| মোটরগাড়ি | ৮,০০,০০০ | |
| অফিস সরঞ্জাম | ৪,০০,০০০ | |
| পুঞ্জিভূত অবচয়-মোটরগাড়ি | | ৬০,০০০ |
| পুঞ্জিভূত অবচয়-অফিস সরঞ্জাম | | ২০,০০০ |
| স্পেয়ার পার্টস | ৩,০০,০০০ | |
| উপযোগ খরচ | ১০,০০০ | |
| আয়কর | ২০,০০০ | |
| অগ্রিম বিমা | ৮০,০০০ | |
| ১২% বিনিয়োগ (০১-০৭-২০১৯) | ২,০০,০০০ | |
| রক্ষিত আয় | | ১,২০,০০০ |
| মোট = | ১৯,৯০,০০০ | ১৯,৯০,০০০ |

সমন্বয়সমুহ:
১) স্পেয়ার পার্টস ১,৬০,০০০ টাকা ও অফিস সাপ্লাইজ ১,০০,০০০ টাকা চলতি বছর ব্যবহার করা হয়েছে।
২) বছর শেষে অগ্রিম বিমা পরিমাণ ৩০,০০০ টাকা।
৩) অনুপার্জিত সেবা আয় ৪০,০০০ টাকা অর্জিত হয়েছে।
৪) মোটরগাড়ি ও অফিস সরঞ্জাম- এর বার্ষিক ১০% অবচয় ধার্য করা আবশ্যক।
৫) শেয়ার মূলধনের উপর ৫% হারে লভ্যাংশ ঘোষণা করা হয়।
৬) আয়করের জন্য ২৫,০০০ টাকা সঞ্চিতির ব্যবস্থা করো।

ক. ২ ও ৩ নং সমন্বয় দফা দুটির জন্য সমন্বয় দাখিলা দাও।
খ. ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে সমাপ্ত বছরের জন্য কোম্পানির আয় বিবরণী প্রস্তুত করো।
গ. ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে সমাপ্ত বছরের জন্য কোম্পানির রক্ষিত আয় বিবরণী প্রস্তুত করো।

## খ বিভাগ
## হিসাববিজ্ঞান প্রথমপত্র
**(বি:দ্র: কমপক্ষে ২টি বা, সর্বোচ্চ ৩টি প্রশ্নের উত্তর করতে হবে।)**

৩. মি. মান্নান একজন খুচরা ব্যবসায়ী। তিনি কারবারের হিসাব বই দুতরফা দাখিলা পদ্ধতি মোতাবেক সংরক্ষণ করেন না। ২০১৯ সালের ৩১ ডিসেম্বর তারিখে তাঁর কারবারের আর্থিক অবস্থা ছিল নিম্নরূপ:

| দায়সমূহ | টাকা | সম্পত্তিসমূহ | টাকা |
|---|---|---|---|
| ১০% ঋণ | ১,৪০,০০০ | নগদ তহবিল | ২০,০০০ |
| প্রদেয় হিসাব | ১,০০,০০০ | মজুদ পণ্য | ১,৪৫,০০০ |
| বকেয়া মজুরি | ১০,০০০ | প্রাপ্য হিসাব | ২,০০,০০০ |
| মূলধন | ৭,২০,০০০ | অগ্রিম বেতন | ১৫,০০০ |
| | | আসবাবপত্র | ১,৯০,০০০ |
| | | ইমারত | ৪,০০,০০০ |
| | **৯,৭০,০০০** | | **৯,৭০,০০০** |

২০২০ সালের ৩১ ডিসেম্বর কারবারের সম্পদ ও দায় ছিল নিম্নরূপ:
প্রাপ্য হিসাব ১,৭০,০০০ টাকা; মজুদ পণ্য ১,৪০,০০০ টাকা; নগদ তহবিল ৪০,০০০ টাকা; প্রদেয় হিসাব ১,২০,০০০ টাকা; ব্যাংক জমাতিরিক্ত ২৫,০০০ টাকা।

**অন্যান্য তথ্যাবলি:**

১) ২০২০ সালের ৩০ জুন তারিখে ১০% ঋণের ৪০,০০০ টাকা পরিশোধ করা হয়।
২) মি. মান্নান নিজ প্রয়োজনে প্রতি মাসের শেষ তারিখে ৩,০০০ টাকা হারে সারা বছর নগদ উত্তোলন করেন।
৩) মালিক তার ব্যক্তিগত তহবিল থেকে ১ জুলাই ২০২০ তারিখে ১,২০,০০০ টাকা দিয়ে কারবারের জন্য একটি ডেলভারি ভ্যান ক্রয় করেন।
৪) মূলধন ও উত্তোলনের ওপর ৫% হারে সুদ ধার্য করতে হবে।

ক. মূলধন ও উত্তোলনের ওপর সুদ নির্ণয় করো।
খ. সমাপনী মূলধন ৮,১৫,০০০ টাকা ধরে কারবারের নিট দায় বা ক্ষতি নিরূপণ করো।
গ. ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে বৈষয়িক বিবৃতি তৈরি করো।

৪. তাসনিম ট্রেডার্স বিভিন্ন সময় নিম্নলিখিত মেশিন ক্রয় করে:

| ক্রয়ের তারিখ | মেশিনের মূল্য |
|---|---|
| ০১/০১/২০১৮ খ্রি: | ২,০০,০০০ টাকা |
| ০১/০৭/২০১৯ খ্রি: | ১,০০,০০০ টাকা |
| ৩১/০৩/২০২০ খ্রি: | ৮০,০০০ টাকা |

১ জানুয়ারি ২০১৮ তারিখে ক্রয়কৃত মেশিনটি অকেজো হয়ে পড়ায় ৩১ ডিসেম্বর ২০১৯ তারিখে ৯০,০০০ টাকায় বিক্রয় করা হলো। প্রতি বছর ৩১ ডিসেম্বর তারিখে হিসাবকাল বন্ধ করা হয়। স্থিরকিস্তি পদ্ধতিতে বার্ষিক ১০% হারে অবচয় ধার্ষ করা হয়।
ক. মেশিন বিক্রয়জনিত লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর।
খ. ২০১৯ ও ২০২০ সালের জন্য প্রতিষ্ঠানের বইতে জাবেদা দাখিলা দেখাও।
গ. ক্রমহ্রাসমান জের পদ্ধতিতে ২০১৯ ও ২০২০ সালের জন্য অবচয় সারণী প্রস্তুত কর।

৫. মেঘনা এন্টারপ্রাইজ ২০১৯ সালের ১ জানুয়ারি তারিখে ৫,০০,০০০ টাকা মূল্যের একটি কলকজ্বা ক্রয় করে। ১ জুলাই ২০১৯ তারিখে ২,৫০,০০০ টাকা মূল্যের আরও একটি কলকজ্বা ক্রয় করে। নতুন ক্রীত কলকজ্বাটির জন্য বহন খরচ বাবদ ২০,০০০ টাকা এবং সংস্থাপন ব্যয় বাবদ ৩০,০০০ টাকা নির্বাহ হয়। প্রতিষ্ঠানটি কলকজ্বার উপর ১০% হারে অবচয় ধার্য করার সিদ্ধান্ত গ্রহণ করে। প্রতি বছর ৩১ ডিসেম্বর হিসাব কাল শেষ হয়।

ক. ২০১৯ সালের কলকজ্বা আনয়ন ও ক্রয়-এর জাবেদা দাখিলা দাও। (ব্যাখ্যার প্রয়োজন নেই)।

খ. সরলরৈখিক পদ্ধতিতে ২০১৯ ও ২০২০ সালের অবচয় নির্ণয় করো।

গ. ২০১৯ ও ২০২০ সালের জন্য কলকাজা হিসাব ও অবচয় সঞ্চিতি হিসাব দেখাও।

৬. জনাব করিম একতরফা দাখিলা পদ্ধতিতে হিসাব সংরক্ষণ করেন। নগদান বই বিশ্লেষণ করে ২০১৯ সালের নিম্নলিখিত হিসাব তথ্যাদি প্রদর্শিত হয়:

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| প্রাপ্য হিসাব থেকে প্রাপ্তি | ৫৫,০০০ | ব্যাংক জমাতিরিক্ত (০১/০১/১৯) | ৯,০০০ |
| অতিরিক্ত মূলধন | ১৫,০০০ | প্রদেয় হিসাবকে প্রদান | ২৪,০০০ |
| | | সাধারণ খরচ | ১১,০০০ |
| | | উত্তোলন | ৬,০০০ |
| | | ভাড়া | ১২,০০০ |
| | | ব্যাংক জমা (৩১/১২/১৯) | ৬,০০০ |
| | | নগদ জমা (৩১/১২/১৯) | ২,০০০ |
| | ৭০,০০০ | | ৭০,০০০ |

**অন্যান্য তথ্য:**

| হিসাবের নাম | ০১-০১-২০১৯ টাকা | ৩১-১২-২০১৯ টাকা |
|---|---|---|
| আসবাবপত্র | ১০,০০০ | ১০,০০০ |
| যন্ত্রপাতি | ২০,০০০ | ২০,০০০ |
| মজুদ পণ্য | ২০,০০০ | ২১,০০০ |
| প্রাপ্য হিসাব | ৫৫,০০০ | ৭৫,০০০ |
| প্রদেয় হিসাব | ২০,০০০ | ২৫,০০০ |

আসবাবপত্র ও যন্ত্রপাতির উপর ১০% অবচয় ধার্য করো এবং প্রাপ্য হিসাবের উপর ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতি ধার্য করো।

ক. প্রারম্ভিক মূলধন নির্ণয় করো।

খ. ধারে বিক্রয় ও ধারে ক্রয়ের পরিমাণ নির্ণয় করো।

গ. নিট লাভ ১৭,২৫০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো।

## হিসাববিজ্ঞান দ্বিতীয়পত্র

(বি:দ্র: **কমপক্ষে <u>২টি</u> বা, সর্বোচ্চ <u>৩টি</u>** প্রশ্নের উত্তর করতে হবে।)

৭. বাবলু, হাবলু ও ডাবলু একটি অংশীদারি ব্যবসায় তিনজন অংশীদারি। তারা যথাক্রমে ৩:২:১ অনুপাতে লাভ-ক্ষতি বন্টন করে। ২০২০ সালে তাদের উত্তোলন বেতন ও মুনাফা সমন্বয় এরপর মূলধনের উদ্বৃত্ত ছিল যথাক্রমে ১,৮৬,০০০ টাকা, ১,৭৮,০০০ টাকা ও ১,৩৬,০০০ টাকা। বাবলুর মাসিক বেতন ছিল ১৮,০০০ টাকা। অংশীদারদের উত্তোলনের পরিমাণ ছিল যথাক্রমে ৫২,০০০ টাকা, ২২,০০০ টাকা ও ১৪,০০০ টাকা। বাবলুর বেতন বাদ দেয়ার পর কিন্তু মূলধনের সুদ ধার্য করার পূর্বে কারবারের মুনাফার পরিমাণ ছিল ১,৮০,০০০ টাকা। অংশীদারি চুক্তি অনুযায়ী মূলধনের ওপর ৫% হারে সুদ ধার্য করার কথা থাকলেও সেটি করা হয়নি।

ক. অংশীদারদের প্রারম্ভিক মূলধন নির্ণয় করো।

খ. অংশীদারদের সমন্বিত লাভ-ক্ষতি বিবরণী তৈরি করো।

গ. অংশীদারদের সমন্বিত মূলধন বিবরণী তৈরি করো।

৮. উর্বানা লিমিটেড এর উৎপাদন ব্যয় সম্পর্কিত তথ্যাবলি নিম্নরূপ:

| বিবরণ | টাকা |
|---|---|
| কাঁচামালের মজুদ (০১-০১-২০২০) | ৭৫,০০০ |
| কাঁচামালের মজুদ (৩১-১২-২০২০) | ৯০,০০০ |
| তৈরি পণ্যের মজুদ (০১-০১-২০২০) | ৮০,০০০ |
| তৈরি পণ্যের মজুদ (৩১-১২-২০২০) | ৯০,০০০ |
| কাঁচামাল ক্রয় | ৭,৫০,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ৫,৬৫,০০০ |
| পরোক্ষ কাঁচামাল | ২৫,০০০ |
| পরোক্ষ কাঁচামাল | ৪৫,০০০ |
| কারখানার উপরিখরচ | ৯০,০০০ |
| অফিস ও প্রশাসনিক | ১,২০,০০০ |
| বিক্রয় ও বিবরণ খরচ | ৬০,০০০ |
| বিক্রয়মূল্য | ১৯,৩০,০০০ |

ক. ব্যবহৃত কাঁচামালের ব্যয় নির্ণয় করো।
খ. বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় করো।
গ. আয় বিবরণী প্রস্তুত করো।

৯. একটি উৎপাদনকারী প্রতিষ্ঠান শ্রমিকেরা প্রতিদিন আট ঘন্টা কাজ করে। শুক্রবার ছুটির দিন। স্বাভাবিক মজুরির হার ঘন্টা প্রতি ১৫ টাকা। ওভারটাইম মজুরি স্বাভাবিক হারের দ্বিগুণ। শ্রমিকেরা মহার্ঘ ভাতা বাবদ স্বাভাবিক মজুরির ১০%, যাতায়াত ভাতা বাবদ ১৫%, এবং বাসস্থান ভাতা বাবদ ৫০% ভাতা পায়। শ্রমিকেরা স্বাভাবিক মজুরির ১০% ভবিষ্য তহবিলে জমা দেয়। নিচে এক সপ্তাহে ৩ জন শ্রমিকের প্রকৃত কর্মঘন্টা দেয়া হলো:

| | |
|---|---|
| রাম | ৫০ ঘন্টা |
| রহিম | ৬০ ঘন্টা |
| জয়ন | ৭২ ঘন্টা |

ক. ওভারটাইম বাবদ কে কত মজুরি পাবে নির্ণয় করো।
খ. শ্রমিকদের মজুরির পরিমাণ কত নির্ণয় করো।
গ. শ্রমিকদের নিট মজুরির পরিমাণ কত নির্ণয় করো।

১০. ২০২০ সালের ১ জানুয়ারি তারিখে সৌরভ ও রিফাত যথাক্রমে ৬০,০০০ টাকা ও ৪০,০০০ টাকা নিয়ে ব্যবসা শুরু করে। অংশীদারী চুক্তিপত্রের বিষয়বস্তুতে নিম্নোক্ত ধারা সন্নিবেশিত ছিল:

a. সৌরভ মাসিক ১,২০০ টাকা এবং রিফাত মাসিক ৯০০ টাকা বেতন পাবে।
b. তারা মূলধনের ওপর বাসিক ১২% হারে সুদ পাবে।
c. রিফাত নিট লাভের উপর ৫% কমিশন পাবে।নিট লাভ থেকে অংশীদারদের বেতন ও মূলধনের সুদ চার্জ করার পর তবে কমিশন চার্জ করার পূর্বে এ কমিশন ধার্য করতে হবে।
d. সারা বছর ধরে সৌরভ ও রিফাত যথাক্রমে ৮,০০০ টাকা ও ৬,০০০ টাকা উত্তোলন করে। এছাড়াও সৌরভ ১,০০০ টাকার পণ্য উত্তোলন করে।
e. রিফাত ০১-১০-২০২০ তারিখে কারবারে ২০,০০০ টাকা অতিরিক্ত মূলধন হিসেবে আনয়ন করে।
f. তারা স্থায়ী মূলধন পদ্ধতি হিসাব সংরক্ষণ করতে সম্মত হয়।

উপরোল্লিখিত সমন্বয় সাধনের পূর্বে ২০২০ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের কারবারের মুনাফা ছিল ২,০০,০০০ টাকা।

ক. অংশীদারদের মূলধন হিসাব তৈরি করো।
খ. লাভ লোকসান আবন্টন হিসাব প্রস্তুত করো।
গ. অংশীদারদের চলতি হিসাব প্রস্তুত করো।

১১. সায়েম স্মৃতি  ক্লাব-এর ২০২০ সালের প্রাপ্তি ও প্রদান হিসাব ও অন্যান্য তথ্যাবলি নিচে দেয়া হলো:

প্রাপ্তি ও প্রদান হিসাব

৩১ ডিসেম্বর ২০২০ তারিখে সমাপ্ত বছরের

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| প্রারম্ভিক নগদ উদ্বৃত্ত | ৯,৫০০ | বেতন | ১৮,০০০ |
| চাঁদা | ৪১,০০০ | আপ্যায়ন বাবদ ব্যয় | ১৬,৫০০ |
| আপ্যায়ন থেকে প্রাপ্তি | ৩৭,৩০০ | মনিহারি ব্যয় | ১,৫০০ |
| বকৃত ধন-দৌলত | ১১,২০০ | বিলিয়ার্ড টেবিল ক্রয় (০১-০৭-২০) | ১৭,০০০ |
| অনুদান | ২০,০০০ | আসবাবপত্র ক্রয় (৩০-০৬-২০২০) | ২০,০০০ |
| পুরাতন আসবাবপত্র বিক্রয় | ৫,৫০০ | প্রাঙ্গণ রক্ষকের মজুরি | ৬,৫০০ |
| (ক্রয়মূল্য ৬,০০০টাকা) | | প্রাঙ্গণ উন্নয়ন | ২৫,০০০ |
| | | বই ক্রয় | ১০,০০০ |
| | | সমাপনী নগদ উদ্বৃত্ত | ১০,৫০০ |
| | ১,২৫,০০০ | | ১,২৫,০০০ |

ক্লাবের প্রারম্ভিক সম্পত্তি সমূহ নিম্নরূপ:

বিলিয়ার্ড টেবিল ৩০,০০০ টাকা,আসবাবপত্র ২৫,০০০ টাকা, আপ্যায়নের জন্য খাদ্য সামগ্রী ৫,৩০০ টাকা,  অনাদায়ী চাঁদা ২,৮০০টাকা।

**অন্যান্য তথ্য:**

আপ্যায়নের জন্য খাদ্য সামগ্রী বাবদ ১,৩০০ টাকা বকেয়া আছে। চলতি বছরের চাঁদা ২,১০০ টাকা অনাদায়ী আছে। স্থায়ী সম্পত্তির উপর ১০%অবচয় ধার্য করতে হবে।

ক. আপ্যায়ন বাবদ লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় করো।

খ. প্রারম্ভিক মূলধন তহবিল এর পরিমাণ নির্ণয় করো।

গ. চলতি বছরের আয় ব্যয় হিসাব প্রস্তুত করো।

<><><><>